দামুড়হুদায় আইনশৃঙ্খলা ও দুর্গাপূজার প্রস্তুতি সভা

দামুড়হুদায় উপজেলা আইনশৃঙ্খলা কমিটির সভা ও শারদীয় দুর্গাপূজা উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার বেলা সাড়ে ১২টায় উপজেলা প্রশাসনের আয়োজনে পরিষদের সভাকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়। সভায় প্রধান অতিথি ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক লুৎফুন নাহার। সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) লাভলী ইয়াসমিন।

প্রধান অতিথির বক্তব্যে জেলা প্রশাসক লুৎফুন নাহার শিক্ষার্থীদের মোবাইল ফোনে আসক্তি কমাতে অভিভাবক ও শিক্ষকদের আরও দায়িত্বশীল ভূমিকা পালনের আহ্বান জানান। তিনি বলেন, শিক্ষার্থীরা যাতে বিদ্যালয়ে মোবাইল ফোন নিয়ে প্রবেশ করতে না পারে, সে বিষয়ে কঠোরভাবে নজরদারি করতে হবে। এ বিষয়ে অভিভাবকদেরও সচেতন হতে হবে।

তিনি আরও বলেন, দশম শ্রেণির শিক্ষার্থীদের একটি অংশের উপস্থিতি ও অংশগ্রহণ কম থাকায় তাদের প্রতি বিশেষ নজর দেওয়া প্রয়োজন। যথাযথ তদারকি না করলে শিক্ষার্থীদের কাঙ্ক্ষিতভাবে এগিয়ে নেওয়া সম্ভব হবে না। শিক্ষকরা শিক্ষার্থীদের দ্বিতীয় অভিভাবকের মতো, তাই শিক্ষার্থীদের সঠিক পথে পরিচালিত করতে শিক্ষক ও অভিভাবক উভয়কেই সমন্বিতভাবে দায়িত্ব পালন করতে হবে। সভায় আইনশৃঙ্খলা বিষয়ে দামুড়হুদা ও দর্শনা থানার অফিসার ইনচার্জের সঙ্গে কথা বলেন এবং পুলিশ, বিজিবি ও আনসার বাহিনী, গ্রাম পুলিশ সহ প্রশাসনের সংশ্লিষ্ট সবাইকে তাদের নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের জন্য নির্দেশনা প্রদান করেন। সভায় উপজেলার সার্বিক আইনশৃঙ্খলা পরিস্থিতি, শিক্ষাপ্রতিষ্ঠানে শিক্ষার্থীদের উপস্থিতি ও শৃঙ্খলা এবং আসন্ন শারদীয় দুর্গাপূজা সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে উদযাপনের বিভিন্ন দিক নিয়ে তিনি গুরুত্বপূর্ণ আলোচনা করেন।

সভায় আরও উপস্থিত ছিলেন উপজেলা সহকারী কমিশনার (ভূমি) মো. সাজ্জাদ হোসেন, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. মো. মশিউর রহমান, দামুড়হুদা মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) শেখ মেসবাহ্ উদ্দিন, দর্শনা থানার অফিসার ইনচার্জ নজরুল ইসলাম, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, বীর মুক্তিযোদ্ধা ও দর্শনা থানা বিএনপির সভাপতি খাজা আবুল হাসনাত,

প্রধান সমন্বয়ক হাবিবুর রহমান বুলেট, জামায়াতে ইসলামীর দামুড়হুদা থানা আমির নায়েব আলী, সেক্রেটারি আবেদ উদ দৌলা টিটন, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবু হাসান, একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম, দামুড়হুদা প্রেসক্লাব সভাপতি শামসুজ্জোহা পলাশ, দর্শনা প্রেসক্লাব সভাপতি ইকরামুল হক পিপুল, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সাইফুন নাহার, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান, দামুড়হুদা শারদীয় দুর্গাপূজা উদযাপন কমিটির

সভাপতি সঞ্জয় হালদার, সাধারণ সম্পাদক শোভন দাস, বিভিন্ন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান সহ উপজেলা প্রশাসনের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও সংশ্লিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

সভায় জানানো হয়, দামুড়হুদা উপজেলায় মোট ২২টি পূজামণ্ডপ রয়েছে। এর মধ্যে ২০টি মণ্ডপে এ বছর শারদীয় দুর্গাপূজা অনুষ্ঠিত হবে। ইতোমধ্যে সব পূজামণ্ডপে নিরাপত্তার জন্য সিসিটিভি ক্যামেরা স্থাপন করা হয়েছে। পূজাকে কেন্দ্র করে আইনশৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রাখা এবং নির্বিঘ্নে পূজা উদযাপনে প্রয়োজনীয় প্রস্তুতি নেওয়া হয়েছে। সভায় সংশ্লিষ্ট সবাইকে নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের পাশাপাশি সাম্প্রদায়িক সম্প্রীতি ও শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে সমন্বিতভাবে কাজ করার আহ্বান জানানো হয়।

৫ আগস্ট উপলক্ষে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ের প্রস্তুতি সভা

আগামী ৫ আগস্ট ২০২৬ জুলাই গণঅভ্যুত্থান দিবসের ২য় বার্ষিকী যথাযোগ্য মর্যাদায় উদ্যাপনের লক্ষ্যে মেহেরপুর বিশ্ববিদ্যালয়ে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার বিশ্ববিদ্যালয়ের সম্মেলন কক্ষে অনুষ্ঠিত এ সভায় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. তোজাম্মেল হোসেনের সভাপতিত্বে বিভিন্ন দপ্তরের কর্মকর্তা ও কর্মচারীরা অংশ নেন। সভায় দিবসটি উপলক্ষে বিভিন্ন কর্মসূচি পালনের সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত অনুযায়ী, আগামী ৫ আগস্ট পর্যন্ত অফিস চলাকালীন বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তা ও কর্মচারীরা লাল ব্যাজ ধারণ করবেন।

এছাড়া ৫ আগস্ট সকাল ১০টায় বিশ্ববিদ্যালয়ের জুলাই স্মৃতিস্তম্ভে পুষ্পস্তবক অর্পণ করা হবে। এরপর সকাল ১০টা ৪৫ মিনিটে আলোচনা সভা ও দোয়া অনুষ্ঠানের আয়োজন করা হবে।

দুর্যোগ মোকাবিলায় মেহেরপুর সদর উপজেলা প্রশাসনের প্রস্তুতি সভা

অতিবৃষ্টি ও সম্ভাব্য দুর্যোগ মোকাবিলায় আগাম প্রস্তুতি জোরদার করতে মেহেরপুর সদর উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

রোববার সকালে মেহেরপুর সদর উপজেলা পরিষদের হলরুমে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) বাবলু সূত্রধর।

সভায় চলমান দুর্যোগপূর্ণ পরিস্থিতি, অতিবৃষ্টি ও সম্ভাব্য জলাবদ্ধতা ও অন্যান্য দুর্যোগ মোকাবিলায় প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়। উপজেলা প্রশাসনের পক্ষ থেকে সংশ্লিষ্ট সব সরকারি দপ্তর ও সংস্থাকে সর্বোচ্চ সতর্ক অবস্থানে থেকে সমন্বিতভাবে কাজ করার নির্দেশনা দেওয়া হয়।

দুর্যোগ ব্যবস্থাপনা কমিটির সভায় শুকনো খাবার মজুত, জরুরি চিকিৎসাসেবা নিশ্চিত করা, মেডিকেল টিম প্রস্তুত রাখা এবং স্বেচ্ছাসেবকদের সক্রিয় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়।

সভায় বক্তব্য দেন মেহেরপুর সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. হুমায়ুন কবির, মেহেরপুর জেলা প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক মাহাবুব চান্দু, মেহেরপুর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক বেন ইয়ামিন মুক্তসহ সদর উপজেলার বিভিন্ন ইউনিয়ন পরিষদের

চেয়ারম্যানরা।

সভায় দুর্যোগকালীন সময়ে দ্রুত ও কার্যকর সেবা নিশ্চিত করতে সব দপ্তরের মধ্যে সমন্বয় জোরদার এবং জনসচেতনতা বৃদ্ধির ওপর গুরুত্বারোপ করা হয়। একই সঙ্গে সম্ভাব্য যেকোনো দুর্যোগ মোকাবিলায় সবাইকে নিজ নিজ অবস্থান থেকে প্রস্তুত থাকার আহ্বান জানান উপজেলা নির্বাহী কর্মকর্তা।

আলমডাঙ্গায় শহীদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় দিবস উপলক্ষে প্রস্তুতি সভা

আলমডাঙ্গায় শহীদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় দিবস উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে ১৪ ডিসেম্বর শহীদ বুদ্ধিজীবী দিবস এবং ১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস ২০২৫ উপলক্ষে প্রস্তুতিমূলক সভা বৃহস্পতিবার সকাল ১১টার দিকে উপজেলা পরিষদ মিলনায়তনে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন ভারপ্রাপ্ত উপজেলা নির্বাহী অফিসার আশিষ কুমার বসু।

সভায় উপস্থিত ছিলেন উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. শারমিন আক্তার, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা উদয় রহমান, আলমডাঙ্গা থানার ওসি (তদন্ত) আজগর আলী, প্রাণিসম্পদ কর্মকর্তা ডা. মাহমুদুল হক, উপজেলা শিক্ষা অফিসার মোহাম্মদ আলাউদ্দিন, মাধ্যমিক শিক্ষা অফিসের একাডেমিক সুপারভাইজার ইমরুল হক, পৌর বিএনপির সভাপতি আজিজুর রহমান পিন্টু, আলমডাঙ্গা উপজেলা বীর মুক্তিযোদ্ধা অ্যাডভোকেট আব্দুর রশিদ, মুক্তিযোদ্ধা সংসদের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা মতিয়ার রহমান, সরকারি কলেজের সহকারী অধ্যাপক ডা. মাহবুব আলম, তথ্য কর্মকর্তা স্নিগ্ধা দাস, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান নজরুল ইসলাম, আসাদুল হক মিকা, মিনাজ উদ্দিন, এমদাদুল হক, বিপুল জোয়ার্দ্দার, মুক্তিযোদ্ধা সংসদের

যুগ্ম আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা আলতাব হোসেন, সদস্য বীর মুক্তিযোদ্ধা শফিউদ্দিন, বীর মুক্তিযোদ্ধা আজিজুল হক, বণিক সমিতির সভাপতি আরেফিন মিয়া মিলন, সাধারণ সম্পাদক খন্দকার আব্দুল্লাহ আল মামুন, সাহিত্য পরিষদের সভাপতি ওমর আলী মাস্টার, কলা কেন্দ্রের সভাপতি ইকবাল হোসেন, সাধারণ সম্পাদক রেবা সাহা, মুক্তিযোদ্ধা সাংস্কৃতিক সংসদের সভাপতি আশরাফুল হক, মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক আশরাফুল ইসলাম, নারী উদ্যোক্তা হেলেন আক্তার কামনাসহ বীর মুক্তিযোদ্ধা, বিভিন্ন দপ্তরের কর্মকর্তা-কর্মচারী, শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান, রাজনৈতিক ব্যক্তিবর্গ, জনপ্রতিনিধি, ছাত্র প্রতিনিধি, সুশীল সমাজের প্রতিনিধি এবং স্থানীয় সাংবাদিকবৃন্দ।

সভায় শহীদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপনের লক্ষ্যে বিভিন্ন দিকনির্দেশনামূলক সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সভায় উপস্থিত অংশীজনরা ঐক্যমতের ভিত্তিতে দিবসের কর্মসূচিগুলো সফলভাবে বাস্তবায়নের প্রতিশ্রুতি ব্যক্ত করেন।

দামুড়হুদায় নতুন কুঁড়ি উপলক্ষে প্রস্তুতি সভা

দামুড়হুদায় শিশু-কিশোরদের প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা নতুন কুঁড়ি-২০২৫ উপলক্ষে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে।

রবিবার সকাল ১১টায় দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে উপজেলা পরিষদের সভাকক্ষে এ প্রস্তুতিমূলক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা নির্বাহী কর্মকর্তা তিথি মিত্রের সভাপতিত্বে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জিয়াউল হক, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবু হাসান, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি শামসুজ্জোহা পলাশ, মাধ্যমিক একাডেমি সুপারভাইজার রাফিজুল ইসলাম, দামুড়হুদা সরকারি পাইলট হাইস্কুলের প্রধান শিক্ষক নজরুল ইসলাম, উপজেলা শিল্পকলা একাডেমির সংগীতশিল্পী ওস্তাদ আক্কাস আলী, আজমত আলীসহ উপজেলার বিভিন্ন

মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকবৃন্দ।

ঐতিহাসিক গণঅভ্যুত্থান উপলক্ষ্যে দামুড়হুদায় বিএনপির প্রস্তুতিসভা ও দোয়া

আগামী ৫ আগষ্ট ঐতিহাসিক গণঅভ্যুত্থান পালনের প্রস্তুতিসভা ও দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির সভাপতি আব্দুল রহিমের মৃত্যুতে দোয়া অনুষ্ঠিত হয়েছে।

দামুড়হুদা উপজেলার বিএনপির আয়াজনে গতকাল রবিবার বেলা ৪ টার দিকে দলীয় অস্থায়ী কার্যালয়ে এই প্রস্তুতি সভা ও দোয়া অনুষ্ঠিত হয়।

দামুড়হুরা উপজেলা বিএনপির সহ-সভাপতি আব্দুল ওয়াহেদের সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভা ও দোয়া অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা বিএনপি সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন যুগ্ম-সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক আবুল হাশেম।

আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপির যুগ্ম-সাধারণ সম্পাদক আনছার আলী, সাংগঠনিক সম্পাদক গোলাম কবির, জুড়ানপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ইদ্রিস আলী, সাধারণ সম্পাদক রুহুল আমিন, নতিপোতা ইউনিয়ন বিএনপির সভাপতি মাসুদ রানা, সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম, নাটুদহ ইউনিয়ন বিএনপির সভাপতি শামসুল আলম, সাধারণ সম্পাদক ওসমান গনি, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপির সভাপতি শামসুল আলম, যুগ্ম-সাধারণ সম্পাদক জুলফিকার আলি ভুট্টু, হাউলী ইউনিয়ন বিএনপির সভাপতি ইউসুফ আলী, উপজেলা মহিলা দলের সভানেত্রী ছালমা জাহান পারুল, সদস্য সচিব বেবি খাতুন, উপজেলা যুবদলের আহ্বায়ক মাহাবুবুর রহমান বাচ্চু, সদস্য সচিব মাহফুজুর রহমান মিল্টন, কৃষক দলের যুগ্ন-আহ্বায়ক মতিন, স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক ইকরামুল হক, সদস্য সচিব জাকির হোসেন, মৎস্যজীবি দলের আহ্বায়ক আব্দুল কাদের,

সদস্য সচিব আমিরুল ইসলাম সহ বিভিন্ন অঙ্গ ও সহযোগী সংগঠনের শতাধিক নেতাকর্মী।

দর্শনায় শহীদ জিয়ার শাহাদাত বার্ষিকী পালনে প্রস্তুতিসভা

আগামী ৩০ মে বাংলাদেশ জাতীয়তাবাদি দল বিএনপি’র প্রতিষ্ঠাতা, শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান শাহদৎ বার্ষিকী। শাহাদাত বার্ষিকী যথাযথ মর্যাদার সাথে পালনের লক্ষে দর্শনায় বিএনপির প্রস্তুতিসভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল রোববার বিকালে দর্শনা রেল ইয়ার্ড চত্তরে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন, দর্শনা পৌর বিএনপি’র সমন্বয় কমিটির অন্যতম সমন্বয়ক, সাবেক সভাপতি হাজি খন্দকার শওকত আলী।

দর্শনা রেলবাজার দোকান মালিক সমিতির সাবেক সভাপতি তোফাজ্জেল হোসেনের সভাপতিত্বে সভায় অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, বিএনপি নেতা মাও ওমর আলী, মোখলেসুর রহমান, আজিজুল ইসলাম, মোখেলসুর রহমান, শুকুর আলী, আ. খালেক, আবু তাহের, দর্শনা পৌর মৎসজীবিদলের সভাপতি হাজি নজির আমিন, জেলা যুবদলের যুগ্নআহ্বায়ক সাইফুল ইসলাম মিঠু, নুর গনি, বাবু,

সেলিম মেহবুব লিটন, শাহীন আলম, আশরাফুল, নাসির উদ্দিন, তোফাজ্জেল হোসেন, যুবদলনেতা রাসেল, সের আলী, সোহেল, রানা, বাবু, রিপন, শান্ত, সেচ্চাসেবকদলনেতা সজিব, ব্যবসায়ী নেতা শরিফুল ইসলাম। সার্বিক অনুষ্ঠান পরিচালনা করেন দর্শনা পৌর যুবদলের সাবেক সাংগঠনিক সম্পাদক জাহাঙ্গীর আলম চঞ্চল।

দামুড়হুদায় শহীদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় দিবস উপলক্ষে প্রস্তুতিসভা

দামুড়হুদায় শহীদ বুদ্ধিজীবী দিবস ও মহান বিজয় দিবস উদযাপন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার সকাল ১১টার দিকে দামুড়হুদা উপজেলা পরিষদের সম্মেলন কক্ষে সভাটি অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা প্রশাসনের আয়োজনে সভায় সভাপতিত্ব করেন দামুড়হুদা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সজল কুমার দাস।

এসময় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান সাহিদা খাতুন, দামুড়হুদা সদর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হযরত আলী, উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা. হেলেনা আক্তার, বীর মুক্তিযোদ্ধা আছির উদ্দীন, বীর মুক্তিযোদ্ধা আলাউদ্দিন, আব্দুল ওদুদ শাহ ডিগ্রি কলেজের অধ্যক্ষ কামাল উদ্দীন, উপজেলা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা অভিজিৎ কুমার বিশ্বাস, দর্শনা থানার পরিদর্শক (অপারেশন) সফিউল আলম, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, কার্পাসডাঙ্গা ইউপি চেয়ারম্যান আব্দুল করিম, হাউলী ইউপি চেয়ারম্যান (ভারপ্রাপ্ত) নিজাম উদ্দিন, উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আবু হাসান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা হোসনে জাহান ববি, উপজেলা সমবায় অফিসার হারুণ অর রশিদ, দামুড়হুদা প্রেসক্লাবের সভাপতি এম নুরুন্নবী, দামুড়হুদা পাইলট সরকারি হাই স্কুলের প্রধান শিক্ষক মোঃ নজরুল ইসলাম, উপজেলা একাডেমিক সুপার ভাইজার রাফিজুল ইসলাম, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সাইফুন নাহার, উপজেলা জনস্বাস্থ্য উপসহকারী প্রকৌশলী রফিকুল ইসলাম।

এছাড়াও উপস্থিত ছিলেন মোক্তারপর নিম্ন মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের প্রধান শিক্ষক বখতিয়ার রহমান, আঃলীগ নেতা আবুল হাশেম, দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির সভাপতি মাকসুদুর রহমান রতন, দামুড়হুদা মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো কুতুব উদ্দীন, উজীরপুর সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক শামসুন্নাহার, দশমী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক

নারায়ন চন্দ্র পাল, সহ সরকারি দফতরের কর্মকর্তা, বীর মুক্তিযোদ্ধা, শিক্ষক, রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংস্কৃতিক ব্যক্তি, সুশীল সমাজের প্রতিনিধিগণ প্রমুখ।

দামুড়হুদা গোল্ডকাপ ফুটবল টুর্নামেন্টের প্রস্তুতিসভা অনুষ্ঠিত

দামুড়হুদা গোল্ডকাপ ফুটবল টূর্নামেন্টের প্রস্তুতিসভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার রাত ৮টার দিকে দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার কার্যালয়ে প্রস্তুতি সভাটি অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা উপজেলা ক্রীড়া সংস্থার সাধারণ সম্পাদক এম নুরুন্নবীর সভাপতিত্বে প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন দামুড়হুদা সদর ইউনিয়ন যুবলীগের সভাপতি আব্দুল হালিম ভুট্টু, উপজেলা ক্রীড়া সংস্থার নির্বাহী সদস্য শহিদ আজম সদু, দামুড়হুদা বাসস্ট্যান্ড বাজার কমিটির সভাপতি মাকসুদুর রহমান রতন, সাবেক ফুটবলার শরিফুল ইসলাম শরিফ, জাকির হোসেন, আশাদুল হক, নুরুজ্জামান নুরু, আজিজুল ইসলাম, ইনামুল হক, উপজেলা ক্রীড়া সংস্থার সদস্য নওশাদ আলী, আমিনুল ইসলাম সন্টু, দামুড়হুদা প্রেসক্লাবের যুগ্ম সাধারণ সম্পাদক দৈনিক মাথাভাঙ্গার দামুড়হুদা প্রতিনিধি মো মিরাজুল ইসলাম মিরাজ, সাংবাদিক মশিউর রহমান।

প্রস্তুতিসভায় টুর্নামেন্টে অংশগ্রহণকারী সকল দল কে সম্মানী প্রদানের বিষয়ে গুরুত্বপূর্ণ সীদ্ধান্ত গৃহীত হয়।

দামুড়হুদায় আওয়ামী লীগের শান্তি সমাবেশ সফল করার লক্ষ্যে প্রস্তুতিসভা অনুষ্ঠিত

দামুড়হুদায় আওয়ামী লীগের শান্তি সমাবেশ সফল করার লক্ষ্যে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার বিকেলে স্থানীয় ডাকবাংলো চত্তরে উপজেলা আওয়ামী লীগের উদ্যোগে প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়।

দামুড়হুদা ইউনিয়ন আওয়ামী লীগের সভাপতি শহিদুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সভাপতি চুয়াডাঙ্গা জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মঞ্জু।

এসময় তিনি বলেন, বিএনপি জামাতের নৈরাজ্য রুখতে আগামী ১১ ফেব্রুয়ারী শনিবার শান্তি সমাবেশ সফল করতে বিকেল ৩ টার সময় ডাক বাংলো চত্তরে সবাইকে উপস্থিত হওয়ার আহবান জানান। তিনি আরও বলেন, ভেদাভেদ ভূলে নেতা-কর্মীদের ঐক্যবদ্ধ ভাবে আওয়ামী লীগের শান্তি সমাবেশ ও মিছিল সফল করতে হবে।

প্রস্তুতি সভায় উপস্থিত ছিলেন দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক হাজি সহিদুল ইসলাম, দামুড়হুদা উপজেলা আওয়ামী লীগের সাবেক যুগ্মসম্পাদক আজিজুল হক, দামুড়হুদা সদর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক শফিউল কবির ইউসুফ, নতিপোতা ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোমিনুল হক, নতিপোতা ইউপি চেয়ারম্যান ইয়ামিন আলী, দামুড়হুদা ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আবুল হাশেম মেম্বার, দপ্তর সম্পাদক বখতিয়ার হোসেন বকুল, নাটুদাহ ইউনিয়ন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক আ: সালাম। আওয়ামী লীগ নেতা আলফাজ মল্লিক, দামুড়হুদা উপজেলা যুবলীগের সাবেক যুগ্মআহবায়ক সেলিম উদ্দিন বগা, যুগ্ম আহবায়ক এসএম মহাসিন।

দামুড়হুদা সদর ইউনিয়ন যুবলীগের সভাপতি আঃ হালিম ভুট্টু। উপজেলা যুবলীগ নেতা হযরত আলী, জাহাঙ্গীর আলম, শেখ হাফিজুর শামসের, হায়দার আলী, হাসান আল বাখার ডলার, নাহিদ, স্বপন, আব্দুল ওদুদ শাহ্ ডিগ্রি কলেজ ছাত্রলীগের আহবায়ক শাহীন মোল্লা, যুগ্ম আহবায়ক এমএ করিম, ছাত্র লীগ নেতা শেখ সোহেল প্রমূখ।